

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪৩.০১৯.০২.০০.০০১.২০১৯-২৮১

তারিখঃ ২৯.০৫.২০১৯খ্রিঃ


প্রজ্ঞাপন

সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালের চত্বরে অবস্থিত ডোবার মধ্যে ভাসমান অবস্থায় প্রয়োজনীয় ঔষধপত্র গজ ব্যান্ডেজ, ক্যানুলা ও Gypsora ইত্যাদি পাওয়া যায়। অর্পিত দায়িত্বে তাঁর অবহেলার কারণে সরকারি সম্পদের এরূপ অপচয় সংঘটিত হয়েছে। এহেন অসৎ কর্মকান্ড সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর পরিপন্থী, যা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

২। বর্ণিত অবস্থায়, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক ডাঃ মোঃ আকতারুজ্জামান (১০০৮০৬৬), আবাসিক সার্জন (আরপি), ২৫০ শয্যা বিশিষ্ট সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৩। সাময়িক বরখাস্তকালীন সময়ে প্রচলিত বিধি মোতাবেক উক্ত কর্মচারী খোরপোষ ভাতা (subsistence allowance) প্রাপ্য হবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব


উপ-পরিচালক,
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৪৩.০১৯.০২.০০.০০১.২০১৯-২৮১/১(১৫)

তারিখঃ ২৯/০৫/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল/উন্নয়ন/চিকিৎসা শিক্ষা/শৃংখলা ও নার্সিং/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। পরিচালক, (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। উপসচিব (পার-১/পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিভিল সার্জন, সাতক্ষীরা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা।
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। যুগ্ম-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৪। ডাঃ মোঃ আকতারুজ্জামান (১০০৮০৬৬), আবাসিক সার্জন (আরপি), ২৫০ শয্যা বিশিষ্ট সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল।
- ১৫। অফিস কপি।


(শারমিন আক্তার জাহান)
উপসচিব (পার-২)
ফোনঃ ৯৫৪০৪৪৮
per2@hspd.gov.bd